# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ৩৯১

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো অন্তর হেফাযত করা এবং গোপন কাজের ব্যাপারে যত্নশীল হওয়া কেননা গোপন কাজ আল্লাহর নিকটে গোপন নয়

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ حِفْظِ الْقَلْبِ وَالتَّعَاهُدِ لِأَعْمَالِ السِّرِّ إِذِ الْأَسْرَارُ عِنْدَ اللَّهِ غَيْرُ مَكْتُومَةٍ

---

আরবী

أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ أَبِي مَعْشَرٍ بِخَبَرٍ غَرِيبٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ وَهْبِ بْنِ أَبِي كَرِيمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ عَنْ أَبِي عَبْدِ الرَّحِيمِ عَنْ زَيْدِ بْنِ أَبِي أُنَيْسَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي الضُّحَى عَنْ مَسْرُوقٍ عَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: كُنْتُ مُسْتَتِرًا بِحِجَابِ الْكَعْبَةِ وَفِي الْمَسْجِدِ رَجُلٌ مِنْ ثَقِيفٍ وخَتَنَاهُ قُرَشِيَّانِ فَقَالُوا: تَرَوْنَ أَنَّ اللَّهَ يَسْمَعُ حَدِيثَنَا؟ فقَالَ أَحَدُهُمَا: إِنَّهُ يَسْمَعُ إِذَا رَفَعنَا فقَالَ رَجُلٌ: لَئِنْ كَانَ يَسْمَعُ إِذَا رَفَعنَا لَيَسْمَعَنَّ إِذَا أَخْفَيْنَا وَقَالَ الْآخَرُ: مَا أَرَى إِلَّا أَنَّ اللَّهَ يَسْمَعُ حَدِيثَنَا قَالَ ابْنُ مَسْعُودٍ: فَأَتَيْتُ نَبِيَّ اللَّهِ صَلَّى الله عليه وسلم فَأَخْبَرْتُهُ بِقَوْلِهِمْ فَأَنْزَلَ اللَّهُ: {وَمَا كُنْتُمْ تَسْتَتِرُونَ أن يشهد عليكم سمعكم ولا أبصاركم} إلى آخر الآية [فصلت: 22].

الراوي : ابْنُ مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 391 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৯১. আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার আমি কা‘বার ঘরের পর্দার আড়ালে ছিলাম। এসময় মসজিদে সাকীফ গোত্রের এক ব্যক্তি ছিল আর দুইজন তার শ্যালক, যারা কুরাইশ বংশের ছিল। তারা বললো: “তোমরা কি মনে করো যে, আল্লাহ আমাদের কথা শুনছেন?” তখন তাদের একজন বললো: “যখন আমরা উচ্চ আওয়াযে কথা বলি তখন শুনেন।” আরেক ব্যক্তি বললো: “উচ্চ আওয়াজে বললে যদি শুনেন, তাহলে অবশ্যই আস্তে বললেও শুনেন।” অপর আরেকজন বললো: “আমি এটাই মনে করি যে, আল্লাহ

আমাদের সব কথা শুনেন।” আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “অতঃপর আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে ব্যাপারটি বললাম। তখন মহান আল্লাহ নিম্নোক্ত আয়াত অবতীর্ণ করেন: “আর তোমরা কিছুই গোপন করতে না এ বিশ্বাসে যে, তোমাদের কান, চোখ ও ত্বক তোমাদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে না...।” আয়াতের শেষ পর্যন্ত। (সূরা ফুসসিলাত: ২২)[1]

## ফুটনোট

[1] হুমাইদী: ৮৭; সহীহ আল বুখারী: ৪৮১৭, ৭৫২১; বাইহাকী, আল আসমা ওয়াস সিফাত: ১৭৭; মুসনাদ আহমাদ: ৪৪৪; সহীহ মুসলিম: ২৭৭৫; তিরমিযী: ৩২৪৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান আত তিরমিযী: ৩২৪৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88690

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন